

# শিক্ষার্থীদের ক্ষতি পোষাতে শনিবারেও ক্লাস নিচ্ছেন শিক্ষকরা

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২৫ অক্টোবর ২০২৫, ১৫:৪৩



ছবি: সংগৃহীত

শিক্ষার্থীদের ক্ষতি পুষিয়ে দেওয়া ও জাতির ঋণ পরিশোধ করার উদ্দেশ্যে শনিবার (২৫ অক্টোবর) বন্ধের দিনেও ক্লাস নিচ্ছেন এমপিওভুক্ত শিক্ষকরা। আজ গণমাধ্যমে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্য সচিব অধ্যক্ষ দেলাওয়ার হোসেন আজিজী এ তথ্য জানিয়েছেন।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বিজ্ঞপ্তিতে বলা হয়, আপনারা সবাই অবগত আছেন যে, শহীদ মিনারের আন্দোলনের কারণে বাংলাদেশের স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ৮ দিন শ্রেণি কার্যক্রম পরিচালিত হয়নি। এতে শিক্ষার্থীদের কিছুটা ক্ষতি হয়েছে। এই ক্ষতি পুষিয়ে দেয়ার লক্ষে জাতির ঋণ পরিশোধ করার উদ্দেশ্যে শনিবার বন্ধের দিনেও এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের আহ্বানে সারা বাংলাদেশের স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে পুরোদমে শ্রেণি কার্যক্রম চলছে।

এর আগে, গত ২১ অক্টোবর জোট থেকে শনিবার ক্লাস নেওয়ার বিষয়ে জানানো হয়।

এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণপ্রত্যাশী জোটের সভাপতি এবং বাংলাদেশ মাদরাসা শিক্ষক-কর্মচারী ফোরামের সদস্যসচিব অধ্যক্ষ দেলাওয়ার হোসাইন আজিজী জানান, বার্ষিক পরীক্ষার আগ পর্যন্ত শনিবার ক্লাস চলবে।